

Prime Minister Narendra Modi holds telephone conversation with H.E. Mr. Pedro Sánchez, Prime Minister of Spain

February 15, 2023

স্পেনের প্রধানমন্ত্রী মাননীয় পেড্রো সানচেজ-এর সঙ্গে টেলিফোনে প্রধানমন্ত্রীর কথা

ফেব্রুয়ারী 15, 2023

স্পেনের প্রধানমন্ত্রী মাননীয় মিঃ পেড্রো সানচেজ-এর সঙ্গে আজ প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর টেলিফোনে কথা হয়েছে।

উভয় নেতা পারস্পরিক সম্বন্ধযুক্ত একাধিক দ্বিপাক্ষিক এবং আন্তর্জাতিক বিষয় নিয়ে আলোচনা করেছেন। তাঁরা চলতি দ্বিপাক্ষিক উদ্যোগের পর্যালোচনা করেন এবং প্রতিরক্ষা, অর্থনীতি ও বাণিজ্যিক ক্ষেত্রে বর্ধিত সহযোগিতা এবং সাম্প্রতিক উচ্চ পর্যায়ের বিনিময় নিয়ে সন্তোষ প্রকাশ করেন। ডিজিটাল পরিকাঠামো, জলবায়ু ব্যবস্থা এবং পরিবেশ বান্ধব শক্তি রূপান্তর এবং স্থায়ী উন্নয়নের মতো বিষয় নিয়ে সহযোগিতা করতে উভয় নেতা সম্মত হন।

প্রধানমন্ত্রী মোদী বসুধৈব কুটুম্বকম (এক পৃথিবী, এক পরিবার, এক ভবিষ্যৎ) এই বিষয় নিয়ে ভারতের জি২০ সভাপতিত্বে একতা প্রসারের লক্ষ্যে ভারতের অগ্রাধিকার নিয়ে স্পেনের প্রধানমন্ত্রীরকে অবহিত করেন। জি২০র সভাপতিত্বে ভারতের যাবতীয় উদ্যোগের প্রতি প্রধানমন্ত্রী সানচেজ পূর্ণ সমর্থন জানিয়েছেন।

উভয় নেতাই পরস্পরের মধ্যে যোগাযোগ অক্ষুণ্ণ রাখতে সম্মত হয়েছেন।

নতুন দিল্লি

ফেব্রুয়ারী 15, 2023

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.